

মুগ্ধত্ব

সহ জালিয়াতির মামলায় রিমান্ডে জবি শিক্ষার্থী

আদালত প্রতিবেদক

১ ২৫ মে ২০২৩, ২২:৪০:১৬ | অনলাইন সংক্রান্ত



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) উপাচার্য, নিবন্ধক ও বিভাগীয় চেয়ারম্যানের সহ এবং সিল নকল করার অভিযোগে গ্রেফতার সজিব আহমেদ নামে বিশ্ববিদ্যালয়টির এক শিক্ষার্থীর এক দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

তাকে বৃহস্পতিবার আদালতে হাজির করে পাঁচ দিনের রিমান্ড চান মামলার তদন্ত কর্মকর্তা কোতোয়ালি থানার উপ-পরিদর্শক (নিরন্ত্র) হাসান মাতুরুর। ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরফাতুল রাকিবের আদালত তার এক দিনের রিমান্ড মঞ্জুর করেন।

মামলার অভিযোগ থেকে জানা গেছে, অভিযুক্ত সজিব প্রতারণার মাধ্যমে জবির ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ও উপাচার্যের সিল ও সহ জাল করে ২৩ মে উপাচার্য বরাবরে বিভাগীয় চেয়ারম্যানের মাধ্যমে ইসলামিক স্টাডিজ থেকে অন্য সাধারণ বিষয়ে মাইগ্রেশনের একটি আবেদন বিশ্ববিদ্যালয় আইটি অফিসে জমা দেন।

বিষয়টি জবির প্রক্টর ড. মোস্তফা কামাল কোতোয়ালি থানায় জানালে সজিবকে হেফাজতে নেয় পুলিশ। এ সময় তার কাছ থেকে জাল সিল ও সই সংবলিত ২ পাতা ও অন্যান্য কাগজ জরুর করা হয়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মকর্তা সাইদুর রহমান একটি মামলা করেছেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023